

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫৩৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমরা যেই সালাতের কথা বর্ণনা করলাম, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কোন কোন সময় তারপরেও আদায় করেছেন- এই মর্মে হাদীস

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ تِلْكَ الصَّلَاةَ الَّتِي ذَكَرْنَاهَا قَدْ أَخَّرها صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَعْدَ تِلْكَ الْمُدَّةِ

আরবী

1535 ـ أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ الْحَجَّاجِ السَّامِيُّ قَالَ: حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ ثَابِتٍ: أَنَّهُمْ قَالُوا لِأَنسِ بْنِ مَالِكِ: هَلْ كَانَ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ خَاتَمٌ؛ فَقَالَ أَخَّر رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَاةَ الْعِشَاءِ ذَاتَ لَيْلَةٍ حَتَّى ذَهَبَ خَاتَمٌ؛ فَقَالَ أَخَّر رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَاةَ الْعِشَاءِ ذَاتَ لَيْلَةٍ حَتَّى ذَهَبَ شَطْرُ اللَّيْلِ ثُمَّ جَاءَ فَقَالَ: (إِنَّ النَّاسَ قَدْ صَلُّوا وَإِنَّكُمْ لَنْ تَزَالُوا فِي الصَّلَاةِ مَا انْتَظَرْتُمُ السَّدُ وَلَيْ أَنْ النَّاسَ قَدْ صَلُوا وَإِنَّكُمْ لَنْ تَزَالُوا فِي الصَّلَاةِ مَا انْتَظَرْتُمُ السَّدُةَ) قَالَ أَنسٌ: فَكَأَنِي أَنْظُرُ إِلَى وَبِيصِ خَاتَمِهِ مِنْ فِضَةٍ قال: ورفع أنس يده اليسرى.

الراوي: أُنَسُ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1535 | خلاصة حكم المحدث : صحيح - ((الثمر المستطاب))

বাংলা

১৫৩৫. সাবিত রহিমাহুল্লাহ থেকে বর্ণিত, তিনি বলেন, "লোকজন আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহুকে জিজ্ঞেস করেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কোন আংটি ছিল কি?" জবাবে তিনি বলেন, "একরাতে রাসূল ইশার সালাত আদায়ে বিলম্ব করেন, এমনকি রাতের অর্ধাংশ চলে যায়। তারপর তিনি আসেন এবং বলেন, "নিশ্চয়ই অন্যান্য লোকজন সালাত আদায় করেছে। আর তোমরা ততক্ষন পর্যন্ত আছো বিবেচিত হবে, যতক্ষন পর্যন্ত সালাতের অপেক্ষায় থাকো।" আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "আমি যেন তাঁর রূপার আংটির উজ্জ্বলতা দেখতে পাচ্ছি।" অধঃস্তন রাবী বলেন, "এসময় আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু তাঁর বাম হাত উত্তোলন করেন।"[1]



ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/২৬৭; সহীহ মুসলিম: ৬৪০; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/১৫৭; সহীহ আল বুখারী: ৫৭২; নাসাঈ: ১/২৬৮; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৭৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সামারুল মুস্তাতা-ব)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন